

PRINT

সমকালৈ

ভর্তি-পরীক্ষায় জালিয়াতি জবির আরও তিন ছাত্রকে পুলিশে সোপার্দ, মামলা

১৩ ঘণ্টা আগে

জবি প্রতিবেদক

জগন্মাথ বিশ্ববিদ্যালয়ে (জবি) জালিয়াতির মাধ্যমে ভর্তি হওয়ায় প্রথম বর্ষের আরও তিন শিক্ষার্থীকে আটক করে পুলিশে সোপার্দ করা হয়েছে। গতকাল মঙ্গলবার সন্ধ্যায় জবির প্রটের অফিসের মাধ্যমে এই তিন ছাত্রের বিরুদ্ধে মামলা করে তাদের কোতোয়ালি থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়। তাদের বিরুদ্ধে ভর্তি পরীক্ষায় প্রক্রিয়া ব্যবহারের মাধ্যমে জালিয়াতির প্রমাণ পাওয়ার পর এসব পদক্ষেপ নেওয়া হয়েছে বলে জানিয়েছেন প্রটের অধ্যাপক ড. নূর মোহাম্মদ।

গত রোববার একই অভিযোগে ভূমি আইন ব্যবস্থাপনা বিভাগের প্রথম বর্ষের অপর এক শিক্ষার্থীকে আটক করে পুলিশে দেয় বিশ্ববিদ্যালয় প্রশাসন।

পাবলিক পরীক্ষা আইনে মামলা করে এলিন শেখ নামের ওই ছাত্রকে আদালতের মাধ্যমে দুই দিনের রিমান্ডে নিয়েছে পুলিশ।

গতকাল পুলিশে সোপার্দ করা তিন ছাত্র হলেন- ভূমি আইন ব্যবস্থাপনা বিভাগের কালাম আহমেদ (মেধাক্রম ডি-৫৬৩), রাষ্ট্রবিজ্ঞান বিভাগের আশিকুর রহমান (মেধাক্রম ডি-৩৯৭) এবং লোকপ্রশাসন বিভাগের রাজু আহমেদ (মেধাক্রম ডি-২৪৭)।

© সমকাল 2005 - 2017

সম্পাদক : গোলাম সারওয়ার। প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮। ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১১১, ৮৮৭৭০১৯৬, বিজ্ঞাপন : ৮৮৭০১৯০। ইমেইল: info@samakal.com